# ইন্ডিয়ান ফাউন্ডেশন অফ আর্টস (আইএফএ)

## ‘প্রজেক্ট ৫৬০’র জন্য

## আবেদনের আহ্বান জানাচ্ছে

## আবেদন জমা দেওয়ার শেষ তারিখ: সেপ্টেম্বর ২১, ২০২৬

মনে করুন, ব্যাঙ্গালোর শহরটি এক কবির ডায়েরি, কোন এক সৃজনশীল কোডারের মর্মস্থল (a creative coder's kernel), এক শিল্পীর স্টুডিও, কোন চলচ্চিত্রকারের সম্পাদনার টেবিল, অথবা এক পরিবেশনকারীর মঞ্চ। যুক্ত হোন এই শহরের নানা প্রান্তের উদীয়মান কন্ঠ, তার বহুবিধ সম্প্রদায়, লুকিয়ে থাকা পরিসর, বহুস্তরীয় ইতিহাস ও সম্মিলিত আকাঙ্খার সঙ্গে। যদি জানতে চান, কীভাবে সৃজনশীলতা'র মাধ্যমে আমরা আমাদের যৌথ ভবিষ্যতকে কল্পনা ও নির্মাণ করতে পারি – তাহলে এই ‘প্রজেক্ট ৫৬০’ আমাদের একসঙ্গে ভাবার এবং সৃজনশীল ভবিষ্যৎ তৈরি করার এক সহযোগিতামূলক পরিসর হয়ে উঠতে পারে।

প্রজেক্ট ৫৬০ আপনার শিল্পীসত্বাকে উৎসাহ দেবে, শহরের পরিচিত কেন্দ্রগুলির বাইরে গিয়ে, তার প্রান্তভূমির দিকে মনযোগ আকর্ষণ করতে। আপনাকে উৎসাহ দেবে, সেই সব পরিসরের দিকে তাকাতে, যেখানে একদিকে স্তরে স্তরে জমে থাকা অতীত, অন্যদিকে বিশৃঙ্খল বর্তমান, আর তারই পাশাপাশি দ্রুত সম্প্রসারিত এক মহানগরের কল্পিত ভবিষ্যৎ। এই কর্মসূচির লক্ষ্য এমন একটি পারস্পরিক সহযোগিতার নেটওয়ার্ক (পরস্পর-সংযুক্ত পথের সমন্বয়) গড়ে তোলা, যা শিল্পচর্চা, কিউরেটোরিয়াল ভাবনা এবং গবেষণামূলক অনুসন্ধানকে লালন করবে। সেইসঙ্গে আমাদের গভীর সংবেদনশীলতা থাকবে এই শহরের বহুভাষিক বাস্তবতা, জাতপাত, ভাষা ও লিঙ্গের জটিল সামাজিক সম্পর্ক এবং আমাদের নগর-পরিবেশকে রূপ দিচ্ছে এমন গুরুত্বপূর্ণ পরিবেশগত আখ্যানগুলির প্রতি।

ব্যাঙ্গালোর এমন এক গতিতে বিস্তৃত হচ্ছে যাকে সামগ্রিকভাবে ধারণ করা শক্ত। শহরের শিল্প-সৃজনশীলতার কেন্দ্র কেবল আনুষ্ঠানিক ‘হোয়াইট কিউব’ বা প্রথাগত সাংস্কৃতিক কেন্দ্রগুলোর মধ্যে সীমাবদ্ধ নয়। শহরের এই সৃজনশীল প্রাণশক্তি এক জায়গায় থেমে নেই। তা বেঁচে উঠছে শহরের অপ্রত্যাশিত নানা প্রান্তে। নগর-গ্রাম থেকে শুরু করে ‘ফাউন্ড কমিউনিটি’, গিগ-শ্রমিকদের চলমান জগত, অভিবাসী মানুষের করিডর, মেকারস্পেস, পাঠচক্রে এর বিস্তার ঘটছে। সেই সঙ্গে পেন্সিল জ্যামারদের আড্ডা এবং আনুষ্ঠানিক সৃজনশীল অর্থনীতির নানা পরিসরেও সে ধরা পড়ছে স্বমহিমায়। প্রজেক্ট ৫৬০'এর এই পর্বে, শহরের শিল্পী, বিশেষজ্ঞ ও নানা ক্ষেত্রের চর্চাকারীদের সঙ্গে নিয়ে এক নিমগ্নকারী ইনকিউবেশন-নির্ভর যাত্রার (যারা এই পথচলার বিকাশে আপনাকে সাহায্য করবে) আহ্বান জানানো হচ্ছে। এই সম্মিলিত যাত্রার মধ্য দিয়ে আমরা এমন একটি পরিসর গড়ে তুলতে চাই, যেখানে শহরের ইতিহাস, মানুষের যাপন করার স্থান এবং কল্পিত ভবিষ্যৎকে নতুনভাবে দেখা, বোঝা, প্রশ্ন করা এবং একসঙ্গে নির্মাণ করা সম্ভব।

আমরা এমন প্রকল্প-প্রস্তাবকে (project proposal) স্বাগত জানাতে চাই, যেখান থেকে কিউরেটেড ওয়াক, থিয়েটার, নৃত্য ও সংগীত পরিবেশনা, ইনস্টলেশন, প্রদর্শনী, সম্প্রদায়-ভিত্তিক অনুষ্ঠান, লেন্স-ভিত্তিক শিল্পচর্চা, গেমস, কর্মশালা এবং প্রকাশনা তৈরি হতে পারে।

**Incubation-Led Journey (এই যাত্রায় আপনার ভাবনাগুলিকে বিকশিত হতে সাহায্য করা)**

প্রজেক্ট ৫৬০'এর পূর্ববর্তী সংস্করণগুলোয় শুরু থেকেই প্রকল্পের পূর্ণাঙ্গ বাস্তবায়নকে গুরুত্ব দেওয়া হতো। তবে এবারের উদ্যোগে ভাবনা ও প্রকল্প বিকাশের প্রক্রিয়া বা ইনকিউবেশন-কে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। আইএফএ এমন ব্যাঙ্গালোর-ভিত্তিক শিল্পী ও গবেষকদের খুঁজছে, যারা এই শহরটিকে ভাবনা ও অন্বেষণের মধ্য দিয়ে কিছু সমমনস্ক, সৃজনশীল ব্যক্তিদের সঙ্গে পারস্পরিক আলোচনা ও সহযোগিতার মাধ্যমে তাঁদের সৃজনশীল ভাবনাকে বিকশিত করতে আগ্রহী। আগ্রহী ব্যক্তিদের রিকোয়েস্ট ফর প্রপোজাল (আরপিএফ)-এর ভিত্তিতে একটি প্রকল্প-প্রস্তাব জমা দেওয়ার জন্য আবেদন করতে উৎসাহিত করা হচ্ছে। নির্বাচিত আবেদনকারীরা প্রথমে একটি গভীরতামূলক ইনকিউবেশন ল্যাব-এ অংশগ্রহণ করবেন। এই প্রক্রিয়ার মধ্য দিয়েই তাঁদের প্রকল্পের ভাবনা পরিণত ও বিকশিত হয়ে পরবর্তীতে বাস্তবায়নের দিকে এগিয়ে যাবে।

নভেম্বর মাসে মোট দশদিন (দুই সপ্তাহ) জুড়ে 'আইএফএ'এর নেতৃত্বে, আমন্ত্রিত সহায়কদের সাহায্যে এই ইনকিউবেশন ল্যাব অনুষ্ঠিত হবে। সেখানে থাকবে সম্মিলিত সংলাপ, বিভিন্ন ধরনের অনুসন্ধান, ওয়াকস, কর্মশালা এবং একে অপরের সঙ্গে ভাবনা ও অভিজ্ঞতা বিনিময়ের পরিসর। এর থেকে এলাকাভিত্তিক পদক্ষেপ, কৌশলগত নগর-পরিকল্পনা বিষয়ক প্রবণতা এবং এই শহরকে ঘিরে বছরব্যাপী শিল্পচর্চা ও গবেষণার নতুন দিগন্তের কল্পনা ও অন্বেষণকে সমৃদ্ধ করবে।

এই প্রকল্পের ফল প্রকাশ পেতে পারে বিভিন্ন রূপে -- যেমন গ্রাফিক ন্যারেটিভ, অ্যানিমেশন, ক্রিয়েটিভ নন-ফিকশন, সংগীতভিত্তিক অনুসন্ধান, পারফর্মিং আর্টস, লেকচার-পারফরম্যান্স, প্রদর্শনী, সাইট-রেসপন্সিভ ইনস্টলেশন, ক্রিয়েটিভ কোডিং বুটক্যাম্প, সিন্থ জ্যামিং, শিল্পভিত্তিক গবেষণামূলক মনোগ্রাফ, এসে ফিল্ম অথবা আন্তঃবিষয়ক শিল্পকর্ম। এইসব ফলাফলের উপস্থাপনা উন্মুক্ত থাকবে সর্বসাধারণের জন্য -- মূলত ভৌত রূপে এবং দরকার পড়লে কিছুটা ভার্চুয়াল রূপেও।

প্রজেক্টের সময়সীমা

আট মাস পর্যন্ত

বাজেট

সর্বোচ্চ ৪,০০,০০০ টাকা পর্যন্ত

কারা আবেদন করতে পারবেন?

আমরা বিভিন্ন ক্ষেত্রে কর্মরত পেশাজীবীদের কাছ থেকে প্রস্তাব আহ্বান করছি। এর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:

- সংগীত, শব্দ, পাঠ, নৃত্য, শারীরিক গতি ও মুভমেন্ট, থিয়েটার, পাপেট্রি, গল্প বলা, ম্যাজিক, সার্কাস এবং অন্যান্য পারফরম্যান্সভিত্তিক শিল্পচর্চায় যুক্ত পারফর্মিং শিল্পীরা
- চলচ্চিত্র (নন-ফিকশন ও ফিকশন), অ্যানিমেশন, ফটোগ্রাফি, ইনস্টলেশন, নিউ মিডিয়া, ক্রিয়েটিভ কোডিং, কৃত্রিম বুদ্ধিমত্তা (AI), রোবোটিক্স, ইন্টার‍্যাক্টিভ আর্ট, গেমিং/কনসেপ্ট আর্ট, চিত্রকলা, ভাস্কর্য, ছাপচিত্র, কমিক বই, গ্রাফিক ন্যারেটিভ, আর্টিস্ট বুক এবং অন্যান্য সকল ধরনের ভিজ্যুয়াল আর্টচর্চায় যুক্ত শিল্পীরা
- কিউরেটর, বিশেষত যারা গ্যালারি-কেন্দ্রিক পরিসরের বাইরে বিভিন্ন ধরনের কিউরেটোরিয়াল চর্চা ও প্রকল্প নিয়ে কাজ করেন

- কবি, ঔপন্যাসিক, ছোটগল্পকার, নাট্যকার, চিত্রনাট্যকার, কমিকস লেখক, গেম রাইটার, ক্রিয়েটিভ নন-ফিকশন লেখক এবং সাহিত্যভিত্তিক অন্যান্য সৃজনশীল চর্চায় যুক্ত লেখকেরা
- আন্তঃবিষয়ক শিল্পচর্চা ও গবেষণার সঙ্গে যুক্ত শিল্পী, গবেষক ও অনুশীলনকারীরা
- ব্যাঙ্গালোরের বাসিন্দারা

জমা দেওয়ার নির্দেশিকা

নিচের বিষয়গুলোসহ আপনার প্রস্তাব আমাদের কাছে পাঠান:

- আপনার বিদ্যমান শিল্পচর্চা, একজন শিল্পী/অনুশীলনকারী হিসেবে আপনার আগ্রহ, ভাবনা ও সংশ্লিষ্ট বিষয়সমূহ
- ব্যাঙ্গালোরকে ঘিরে আপনার শিল্পভাবনা, ও গবেষণার প্রশ্নসমূহ -- বিশেষত শহরের প্রান্তিক অঞ্চল, দৈনন্দিন বহুভাষিক বাস্তবতা এবং পরিবেশগত আখ্যানকে কেন্দ্র করে
- প্রকল্পটির প্রাথমিক রূপরেখা ও সম্ভাব্য বিবরণ, যার মধ্যে এই শহরের সম্ভাব্য অংশীদার, বিভিন্ন সম্প্রদায় বা নগর-পরিসরের সঙ্গে সম্পৃক্ত হওয়ার পরিকল্পনাও অন্তর্ভুক্ত থাকবে
- কার্যক্রমের বিস্তারিত সময়রেখা
- প্রস্তাবিত বাজেটের খাতভিত্তিক বিবরণ
- এই আবেদনের সঙ্গে প্রাসঙ্গিক পূর্ববর্তী কাজের উদাহরণ, যার সঙ্গে পোর্টফোলিও, লেখা, আলোকচিত্র এবং পূর্ববর্তী কাজের অডিও/ভিডিও রেকর্ডিংসহ প্রাসঙ্গিক সহায়ক উপকরণ যা সংযুক্ত করা যায়
- আপনার বর্তমান ডাক ঠিকানা, ফোন নম্বর এবং ইমেল আইডিসহ সিভি
- আপনার চূড়ান্ত আবেদনটি একটি মাত্র ইমেলের মাধ্যমে John Xaviers-এর কাছে পাঠাতে হবে: john@indiaifa.org। ইমেলের বিষয় (Subject) হবে: **Project Proposal for Project 560**
- আপনার প্রস্তাব সম্পর্কিত যেকোনো প্রশ্ন বা বিষয় নিয়ে সংশয় দূর করার প্রয়োজন হলে John Xaviers-এর সঙ্গে যোগাযোগ করুন: john@indiaifa.org

আপনি আপনার প্রস্তাব ইংরেজিসহ, ভারতের যেকোনো ভাষায় লিখতে পারেন। ইংরেজি ছাড়া অন্যান্য ভারতীয় ভাষায় প্রকল্পের প্রস্তাব জমা দেওয়াকে আইএফএ উৎসাহিত করে।

যোগ্যতা

- শুধুমাত্র ভারতীয় নাগরিকরা আবেদন করতে পারবেন। ভারতীয় বংশোদ্ভূত ব্যক্তি (PIO – Persons of Indian Origin) এবং OCI (Overseas Citizen of India) কার্ডধারীরা এই আবেদনের জন্য যোগ্য নন।

- আবেদনকারীর অবশ্যই PAN কার্ড থাকতে হবে। পরিচয় ও ভারতীয় নাগরিকত্বের প্রমাণ হিসেবে নিম্নলিখিত যেকোনো একটি নথি জমা দিতে হবে—ভারতীয় পাসপোর্ট, আধার কার্ড অথবা ভারতের ভোটার আইডি।

- শুধুমাত্র ব্যক্তি হিসেবে আবেদন করা যাবে। কোনো ধরনের সংস্থা বা প্রতিষ্ঠান এর জন্য আবেদন করতে পারবে না।

- প্রকল্পে কোনো সহযোগী (collaborator) থাকলে, তাঁদেরও অবশ্যই ভারতীয় নাগরিক হতে হবে।

- প্রকল্পের সম্পূর্ণ সময়কালজুড়ে আপনাকে ব্যাঙ্গালোর শহরে থাকতে হবে।

- আইএফএ'র সঙ্গে অতীতে আর্থিক অনিয়ম বা আর্থিক দায়-দায়িত্ব সংক্রান্ত সমস্যা রয়েছে -- এমন ব্যক্তিরা এই আবেদনের জন্য যোগ্য নন।

- আইএফএ'র পূর্ববর্তী কোনো অনুদানের আওতায় সম্মত ও নির্ধারিত কাজ জমা দিতে ব্যর্থ হয়েছেন—এমন ব্যক্তিরা এই আবেদনের জন্য যোগ্য নন।

- যেসব ব্যক্তি অতীতে কোনো কারণে আইএফএ'র কাছ থেকে ভবিষ্যতে কোনো আবেদন করতে পারবেন না -- এই মর্মে নিষেধাজ্ঞামূলক চিঠি পেয়েছেন, তাঁরা এই আবেদনের যোগ্য নন।

- বর্তমানে আইএফএ'র বাস্তবায়িত কোনো প্রকল্পে কাজ করছেন -- এমন ব্যক্তিরা আবেদন করতে পারবেন না।

- আবেদনকারীদের যৌথ অ্যাকাউন্ট থাকলে একাধিক ব্যক্তি একসঙ্গে আবেদন করতে পারবেন। তবে যৌথ অ্যাকাউন্ট না থাকলে, তাঁদের মধ্যে কেবল একজন আবেদন করবেন এবং অন্যরা প্রকল্পের সহযোগী (collaborator) হিসেবে যুক্ত থাকবেন।

নির্বাচন প্রক্রিয়া

বাছাই করা প্রস্তাবগুলো একটি স্বাধীন বহিরাগত প্যানেল দ্বারা মূল্যায়িত করা হবে এবং আবেদনকারীদের তাঁদের প্রকল্পের ধারণা প্যানেলের সামনে উপস্থাপন করতে হবে। ইনকিউবেশন ল্যাবের জন্য প্রকল্প নির্বাচন এবং নির্বাচিত প্রকল্পগুলোর বাস্তবায়ন সংক্রান্ত সিদ্ধান্ত অক্টোবর ২০২৬'এ ঘোষণা করা হবে।

নির্বাচিত সকল প্রকল্প আইএফএ'র তত্ত্বাবধানে বাস্তবায়িত হবে।

গুরুত্বপূর্ণ তারিখসমূহ

- প্রশ্ন ও খসড়া ধারণার সময়সীমা: ১১ সেপ্টেম্বর, ২০২৬
- চূড়ান্ত প্রস্তাব জমা দেওয়ার সময়সীমা: ২১ সেপ্টেম্বর, ২০২৬

- ইনকিউবেশন ল্যাবের জন্য নির্বাচিত প্রকল্পগুলোর ঘোষণা: অক্টোবর ২০২৬
- প্রকল্প শুরুর তারিখ: নভেম্বরের গোড়ার দিকে
- ইনকিউবেশন ল্যাব পর্যায়: ১৬-২৭ নভেম্বর, ২০২৬

চূড়ান্তভাবে নির্বাচিত শিল্পীদের ইনকিউবেশন ল্যাবের সম্পূর্ণ সময়কালজুড়ে ব্যক্তিগতভাবে উপস্থিত থাকতে হবে।

অনুগ্রহ করে মনে রাখবেন, IFA এমন একটি নিরাপদ পরিবেশ গড়ে তুলতে প্রতিশ্রুতিবদ্ধ, যেখানে শিশুসহ সকলের প্রতি সম্মান প্রদর্শন, তাঁদের সুরক্ষা এবং নিরাপত্তা নিশ্চিত করা হবে। আবেদনকারীকে এই নীতির সঙ্গে সম্পূর্ণভাবে একমত ও সংগতিপূর্ণ থাকতে হবে এবং সর্বদা তা মেনে চলতে হবে।